ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৬২১

কাঞ্চনপুর, ৮ জুলাই, ২০২৫

**প্রাকৃতিক বিপর্যয় বিষয়ে মহড়া**
**কাঞ্চনপুরে প্রস্তুতি বৈঠক**

আগামী ৯ জুলাই সারা রাজ্যের সঙ্গে কাঞ্চনপুর মহকুমায়ও প্রাকৃতিক দুর্যোগ অর্থাৎ ভূমিধ্বস ও বন্যা মোকাবিলা বিষয়ে এক মহড়া অনুষ্ঠিত হবে। কাঞ্চনপুর মহকুমার জম্পুইহিল ব্লকের ত্লাকসি ভিলেজে, লালজুরি ব্লকের ব্লক অফিস কমপ্লেক্সে এবং দশদা ব্লকের অন্তর্গত ওজন ও পরিমাপ দপ্তরের অফিস সংলগ্ন স্থানে ভূমি ধ্বসের উপর মহড়া অনুষ্ঠিত হবে। এছাড়াও কাঞ্চনপুর রেভিনিউ ডাকবাংলো সংলগ্ন স্থানে বন্যা মোকাবিলার উপর মহড়া অনুষ্ঠিত হবে। উক্ত মহড়াগুলি সফল করে তোলার জন্য গত ৫ জুলাই কাঞ্চনপুর ডাকবাংলো সভাকক্ষে এক প্রস্তুতি সভা করা হয়। সভায় উপস্থিত ছিলেন কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের দূর্যোগ ব্যবস্থাপনা শাখার আধিকারিক তথা ডিসিএম রাজীব ভট্টাচার্য, মহকুমার ডিসিএম-গণ, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, ভলান্টিয়ার টিম, আপদামিত্র সদস্যরা।

******